



কবিতা

ক্ষমা নেই

মোহাম্মদ আলী

পুষ্পিত এই সৌধের কাছে কোন হায়েনার দল
হিংস্রতায় ক্ষত-বিক্ষত কেন ঐ পবিত্র মহল
ক্লান্ত দুপুরে ব্যস্ত প্রহরে কাদের হাতুড়ি দিয়ে।

জড়বাদীদের কালো হাতের ইঙ্গিতে
আঘাত করল পবিত্র মসজিদের গায়
ভেঙ্গে ভেঙ্গে ধূলায় লুটিয়ে দিল হায়
কেন ছিলো সেখানে অস্ত্রধারী প্রহরীরা
বুলেট-বোমাসহ কেন তারা পালিয়ে গেল
পশ্চ কল্যাণের অকল্যাণী কারখানা
বশ আর লাল কৃষ্ণসহ সকলে মিলে
একই বৈঠকে সিদ্ধান্ত নিলো

মসজিদ ভাঙ্গতে হবে, এখানেই কাল্পনিক রামের জন্ম।
তোদের নিষ্ঠার নেই, তোদের চারিদিক অন্ধকার।

সবখানে লাগছে আগুন
বিশ্বজুড়ে আজ উঠেছে তুফান
বের কর খুঁজে জড়বাদীদের
কোথায় লুকিয়েছে ওরা!
দু'চোখে অন্ধকার দেখে হয়েছে বেহশ
তাইতো তারা করছে চিৎকার
মরনের কালে ফেরাউনের মতো বলছে
আমরা করেছি মহাভুল
ও ওদের হৃদয়ের কথা নয়
ওরে তোদের ক্ষমা নেই
ওদের ক্ষমা করবে না কোন মুসলমান।

পরিচয়

আব্দুস সামাদ চৌধুরী

মুসলিম তারই নাম

যে করে বিশ্ব প্রভুর জন্য সংঘাত সংগ্রাম
নিজেকে চিনেছে সত্যিকারেই আল্লাহর খাঁটি দাস
সহনশীলতা অর্জন করে কাটায় সে কাল-মাস
নিজে ত্যাগী হয়ে সত্যের দাবী মিটায় সে বারবার
জালেম জুলুম প্রতিরোধ করে থাকে না নির্বিকার
অশান্তি আর অরাজকতার শিকার হয় না কভু
এক আল্লাহকে সিজদা ছাড়া জানে না অন্য প্রভু

মুসলিম সেই হয়

আল্লাহ-রাসূল তরিকা সাথে রাখে সদা পরিচয়
নিজে সৎ হয়ে সঠিক পথের করে সন্ধান
চলার পথের প্রতিবন্ধক সব ভেঙ্গে করে খান খান
মিথ্যার সাথে পরাজয় সেতো অবিশ্বাসীই জানে
সুযোগমত সত্য মিথ্যা উভয় তাহারা মানে
বিশ্বাসী হয় সর্বকালেই সত্যের উপাসক।
সত্য ছাড়া সকল কর্ম জানে সে নিরর্থক।

এই কি মুসলমান

সারা বিশ্বের প্রলোভন যারে করে থাকে হতমান।
মুসলিম সেতো নির্লোভ হবে, পার্থিব বাসনা থাকবে না তার
ওয়াদা প্রভুর বিশ্বাস করি গতি হবে দুর্বার
প্রলুক্ষ কভু হবে নাক দীল জানে সে মুসলমান
গোটা দুনিয়ার রাজত্ব তার খোদায়ী সে ফরমান
এত বড় কাজ পেয়ে সে কি কভু হতে পারে প্রমদক
হয় যদি তবে মুসলিম নাম হবে যে নিরর্থক।